প্রথম আলো

তারিখ ... 3 JUN 2003 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# ফিজিওথেরাপি শিক্ষার্থীরা ভবনের আশ্বাসে অনশন ভাঙলেন

নিজস্ব প্রতিবেদক ●

অনশনের ১০ দিন পর ফিজিওথেরাপির শিক্ষার্থীদের অনশন ভাঙালেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী আ ফ ম রুহুল হক। গতকাল মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারে অনশনরত শিক্ষার্থীদের পানি খাইয়ে অনশন ভাঙান তিনি। এ সময় প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা সৈয়দ মোদাচ্ছের আলী উপস্থিত ছিলেন। আগে থেকে দেওয়া ঘোষণা অনুযায়ী গতকাল মঙ্গলবার আন্দোলনরত শিক্ষার্থীদের আত্মাহুতি দেওয়ার কথা ছিল।

স্বাস্থ্যমন্ত্রী আ ফ ম রুহুল হক আগামী সপ্তাহে ফিজিওথেরাপি কলেজের ভবন নির্মাণের কাজ শুরু করার আশ্বাস দিয়ে বলেন, ভবন নির্মাণের জন্য জায়গা তৈরি আছে। এখন শুধু এর কাজ শুরু হবে। আগামী সপ্তাহের মধ্যেই কলেজ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। কোনোভাবেই এ সময়সীমা পেছানো হবে না। এ ব্যাপারে দ্রুত দরপত্র আহ্বান করা হবে বলেও তিনি জানান। প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা সৈয়দ মোদাচ্ছের আলী বলেন, ফিজিওথেরাপির শিক্ষার্থীদের অনশন এবং কলেজ নির্মাণের যাবতীয় তথ্য সম্পর্কে প্রধানমন্ত্রী অবগত আছেন। তিনি কলেজ নির্মাণে শিক্ষার্থীসহ সবার সহযোগিতা কামনা করেন।

স্বাস্থ্যমন্ত্রীর আশ্বাসের পর কেন্দ্রীয় শহীদ মিনারে উৎফুল্ল শিক্ষার্থীরা উৎসব করতে থাকেন। কলেজের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আরিফুর রহমান *প্রথম আলোকে* বলেন, 'স্বাস্থ্যমন্ত্রী ভবন নির্মাণের কাজ শুরু করার ব্যাপারে আমাদের সুনির্দিষ্ট আশ্বাস দিয়েছেন। আমরা এবার এর দ্রুত বাস্তবায়ন চাই। এত কষ্ট করে আমরা চিকিৎসাশাস্ত্রের গুরুত্বপূর্ণ বিষয়টি পড়ছি। এ ধরনের অব্যবস্থাপনায় মনোযোগ ধরে রাখা যায় না। স্বতন্ত্র ভবন পেলে ভবিষ্যতে শিক্ষার্থীরা এ বিষয়ে পড়তে আগ্রহী হবে।'

১৯৭৩ সালে প্রতিষ্ঠিত ফিজিওথেরাপি কলেজের জন্য স্বতন্ত্র কোনো ভবন না থাকায় দুই শতাধিক শিক্ষার্থীকে ক্লাস করতে হয় পঙ্গু হাসপাতাল, ঢাকা মেডিকেল কলেজ, বেগম খালেদা জিয়া মেডিকেল কলেজ ও মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট—এই পৃথক চারটি প্রতিষ্ঠানে। একই দিন একাধিক প্রতিষ্ঠানে গিয়ে শিক্ষার্থীদের ক্লাস করতে হয়। এ ছাড়া নেই কোনো নিজস্ব শিক্ষক ও গবেষণাগার। এসব দাবির পরিপ্রেক্ষিতে গত বছরের নভেম্বর ও চলতি বছরের জানুয়ারিতে দুই দফা অনশন করেছিলেন ফিজিওথেরাপির শিক্ষার্থীরা।